

# 📃 আস-সাফফাত | As-Saffat | الصيَّافَّات

আয়াতঃ ৩৭:১০৭

## আরবি মূল আয়াত:

# وَ فَدَينَهُ بِذِبِحٍ عَظِيمٍ ﴿١٠٧﴾

#### 

আর আমি এক মহান যবেহের\* বিনিময়ে তাকে মুক্ত করলাম। — আল-বায়ান আমি এক মহান কুরবানীর বিনিময়ে পুত্রটিকে ছাড়িয়ে নিলাম। — তাইসিরুল আমি তাকে মুক্ত করলাম এক মহান কুরবানীর বিনিময়ে। — মুজিবুর রহমান

And We ransomed him with a great sacrifice, — Sahih International

\* তা ছিল একটি জান্নাতী দুমা।

#### ১০৭. আর আমরা তাকে মুক্ত করলাম এক বড় যবেহ এর বিনিময়ে।

তাফসীরে জাকারিয়া

### (১০৭) আর আমি তার পরিবর্তে যবেহযোগ্য এক মহান জন্তু দিয়ে তাকে মুক্ত করে নিলাম।[1]

[1] 'যবেহযোগ্য মহান জন্তু' একটি দুম্বা ছিল, যা আল্লাহ তাআলা জান্নাত থেকে জিবরীল মারফত পাঠিয়েছিলেন। (ইবনে কাসীর) ইসমাঈল (আঃ)-এর পরিবর্তে সেই দুম্বাটি যবেহ করা হয়েছিল এবং ইবরাহীম (আঃ)-এর উক্ত সুন্নতকে কিয়ামত পর্যন্ত আল্লাহর নৈকট্য লাভের পথ ও ঈদুল আযহার সব থেকে পছন্দনীয় আমল বলে স্বীকৃতি দেওয়া হল।

তাফসীরে আহসানূল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3895

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন